দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 MAY 2013 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৪ ...

# হাজীগঞ্জে উপবৃত্তি পাবে ৬৪ প্রতিষ্ঠানের ৯ হাজার শিক্ষার্থী

■ হাজীগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা

চলতি শিক্ষাবর্ষে হাজীগঞ্জ উপজেলার ৬৪ মাধ্যমিক স্কুল ও কলেজে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৯ হাজার ৭০ জনের মধ্যে মাধ্যমিক স্কুলে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৬ হাজার ৯শ' ৫২ জন। একাদশ, দ্বাদশ ও ডিগ্রি পর্যন্ত ৯ কলেজের শিক্ষার্থীর সংখ্যা ২ হাজার ২শ' ১৯ জন। হাজীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, হাজীগঞ্জ উপজেলার সকল ইউনিয়নে ৫৫টি মাধ্যমিক স্কুলে উপবৃত্তি প্রাপ্ত ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৭শ' ৬৪ জন, ৭ম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৫শ' ৩৮ জন, ৮ম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৭শ' ৬৪ জন, ৯ম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২শ' ৪০ জন এবং দশম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ১ হাজার ১৫ জন। সরকারি বিধি মোতাবেক প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত বালকদের ১০% এবং বালিকাদের ৩০ % হারে উপবৃত্তির অন্তর্ভুক্ত করা হয়।